

advertisement

## জাবিতে দুই হলের শিক্ষার্থীদের সংঘর্ষে আহত ৭০

জাবি প্রতিনিধি

৮ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ৮ জুলাই ২০১৯ ০০:৫৮



মিষ্টির দোকানে সিনিয়রের সঙ্গে জুনিয়রের ধাক্কা লাগা কেন্দ্র করে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) দুটি আবাসিক হলের ছাত্রদের সংঘর্ষে অতত ৭০ জন আহত হয়েছেন। গতকাল বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের বটতলা এলাকায় প্রায় দুই ঘণ্টাব্যাপী এ সংঘর্ষ হয়। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ৪৬তম ব্যাচের শিক্ষার্থী ও ছাত্রলীগকর্মী দ্বীপ তার এক বন্ধুকে নিয়ে দোকানে মিষ্টি খাচ্ছিলেন। এ সময় মওলানা ভাসানী হলের ৪৫তম ব্যাচের সৌরভ কাপালীর সঙ্গে দ্বিপের ধাক্কা লাগলে কথা কাটাকাটি হয়। এর একপর্যায়ে তাদের মধ্যে হাতাহাতি হয়। এ খবরে উভয় হলের শিক্ষার্থী ও ছাত্রলীগ নেতাকর্মীরা দা, লাঠি নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়েন। সংঘর্ষ চলাকালে ১০-১৫ রাউন্ড গুলির শব্দ শোনা যায়। প্রায় দেড় ঘণ্টা পর পুলিশ এসে কাঁদানে গ্যাস ও ছররা গুলি ছোড়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। সংঘর্ষ চলাকালে দৈনিক সংবাদের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি জোবায়ের কামাল ছবি তুলতে গেলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ছাত্রলীগকর্মী সিয়াম চৌধুরী তাকে লাঞ্ছিত করে এবং মোবাইল ফোন কেড়ে নেওয়ার চেষ্টা চালায়। বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টারের কর্তব্যরত চিকিৎসক লিখনচন্দ্র বালা জানান, প্রায় ৭০ শিক্ষার্থী আহত হয়ে মেডিক্যাল প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। এর পর তাদের সাভারের এনাম মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি জুয়েল রাণা বলেন, এটি দুই হলের ছাত্রদের ঘটনা। এতে ছাত্রলীগ জড়িত নয়। আমরা উভয়পক্ষকে

সংযত রাখার অনেক চেষ্টা করেছি। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রষ্টর আ স ম ফিরোজ-উল হাসান বলেন, পরিস্থিতি খারাপ হওয়ায় পুলিশকে জানানো হয়। তারা আসার পর এখন পরিস্থিতি শান্ত রয়েছে। তদন্তসাপেক্ষে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।